সংবাদ

তারিখ ১৯ MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ২০ বছর পর বিএম কলেজে উচ্চ মাধ্যমিকে শুরু ভর্তি

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বরিশাল সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে দীর্ঘ ২০ বছর পর পুনরায় একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির উদ্যোগ নেয়া হয়েছে।

চলতি বছর এই কলেজে বিজ্ঞান শাখায় ভর্তির সুযোগ পাবে ৩শ' শিক্ষার্থী। ইতোমধ্যে ক্লাস রুমের জন্য অবকাঠামোসহ ভর্তির সকল প্রস্তুতি সম্পন্ন করেছে কলেজ কর্তৃপক্ষ। আগামী ২৬ মে থেকে ছাত্র-ছাত্রী ভর্তি শুরু হবে বলে কলেজ থেকে জানা গেছে।

১৯৯৬ সাল থেকে ব্রজমোহন কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি বন্ধ রাখা হয়। ১৯৯৬ সালের আগ পর্যন্ত বিএম কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাস করে বহু শিক্ষার্থী মেডিকেল, বুয়েটসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পেতো। যে কারণে দেশের প্রশাসন, শিক্ষা, স্বাস্থ্য ও প্রকৌশল দফতরের অধিকাংশ পদস্থ ব্যক্তিই বিএম কলেজের প্রাক্তন শিক্ষার্থী। অবশেষে ২০ বছর পর সীমিত আকারে কলেজটিতে পুনরায় এইচএসসি শ্রেণিতে ভর্তিও জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। বিএম কলেজ শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক এএসএম কাইয়ুম উদ্দিন আহম্মেদ জানান, একাদশ শ্রেণিতে ভর্তির জন্য শ্রেণি কক্ষ, ল্যাবসহ সকল অবকাঠামো প্রস্তুত করা হয়েছে। এছাড়া ড্রেস কোডও নির্ধারণ করা হয়েছে। বিজ্ঞান শাখার ৩শ' শিক্ষার্থীকে এ বছর ভর্তি করা হবে। বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর স. ম ইমানুল হাকিম জানান, ১৯৯৬ সালে মন্ত্রণালয়ের নির্দেশে উচ্চ মাধ্যমিক শিক্ষার্থী ভর্তি বন্ধ রাখা হয়েছিল। ২০ বছর পর আবার উচ্চ মাধ্যমিক শ্রেণিতে বিএম কলেজে শিক্ষার্থী ভর্তি শুরু হবে ২৬ মে থেকে। মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মেধার বিকাশ ঘটাতে এ উদ্যোগ নেওয়া হয়েছে।